# দিঘলিয়া উপজেলা পরিষদের জুলাই/২০২২মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-৭ )

সভাপতি : শেখ মারুফুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২০ জুলাই ২০২২, বুধবার

সময় : বেলা ১১: ৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত জুন ২০২২, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীরতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | জুন ২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২. | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, ২০২২ মাসে ০৯ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে, যথাসময়ে সভা আহবানপূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা আহবান করতে হবে এবং মাসিক সাধারন সভার কার্যবিবরনীতে অন্তর্ভূক্ত করার মত বিষয়টুকু গুছিয়ে এই ফরমেটে সফট কপি ও হার্ড কপি দিতে হবে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান- দ্বয় |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয়সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: জুন/২০২২ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়-১২,৭৭,০৮২ /-<br>মোট ব্যয়- ৩১,১৯,৩১২/- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৪ | উপজেলা সমাজকল্যান কমিটি | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সকল ভাতাভোগীদের ক্ষেত্রে যে সব ভাতা ভোগী মৃত্যু বরন করেছে তাদের তালিকা প্রদান এবং তৎপরিবর্তে নতুন ভাতা ভোগীদের তালিকা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগনকে পত্র দেয়া হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে মৃত্যু ভাতাভোগীর পরিবর্তে নতুন ভাতাভোগীর প্রতিস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৫ | উপজেলা মুক্তিযোদ্ধা কমিটি | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটি কর্তৃক বেসামরিক গেজেটভুক্ত বীর মুক্তিযোদ্ধাদের আবাসন নির্মাণ | সভায় বিস্তারিত আলোচনান্তে | উপজেলা ডেপুটি কমান্ডার ও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | শীর্ষক প্রকল্প ১২টি আবাসন নির্মাণ কাজ চলমান রয়েছে। | মুক্তিযোদ্ধাদের আবাসন নির্মাণের কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি | সভায় উপজেলা মহিলা বিষয়ক অফিসার জানান যে,দুঃস্থ মহিলা উন্নয়ন কর্মসূচী (ভিজিডি) এর আওতায় ২০২১-২২ চক্রের বরাদ্দ না থাকায় খাদ্যশস্য বিতরন বন্ধ আছে। সঞ্চয় আদায় এবং প্রশিক্ষন চলমান আছে। তিনি বলেন দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচীর আওতায় ভাতাভোগীর স্ব স্ব হিসাব নম্বরে ভাতা প্রবেশ করছে। তিনি বলেন উপজেলা পর্যায়ে মহিলাদের প্রশিক্ষন প্রকল্পের আওতায় ১২ তম ব্যাচের ভাতা বিতরন সম্পন্ন হয়েছে এবং ১৬ ও ১৭ তম ব্যাচের প্রশিক্ষণ চলমান আছে। তিনি বলেন মহিলাদের আত্ব-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় জুন/২২মাসে ২৮,৩৫০/- (আঠাশ হাজার তিনশত পঞ্চাশ) টাকা ঋণ আদায় হয়েছে। তিনি বলেন কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের ১৯/০৭/২২ তারিখে সিএমসি কমিটির সভা করা হয়েছে। তিনি আরো বলেন উপকূলীয় নারীদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রশিক্ষন প্রকল্পের আওতায় বারাকপুর ইউনিয়নে ১৫০ জন এবং গাজীরহাট ইউনিয়নে ৫০ জন মহিলাকে ৬ টি ট্রেডে ১৫ দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় ২০ জন মহিলাকে ১০ দিনে নকশী কাঁথা সেলাই প্রশিক্ষণ প্রদান করা হয়। | সভায় বিস্তরিত আলোচনান্তে বিভিন্ন প্রশিক্ষ কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষায়ক অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ০৭ | উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, তাদের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তরিত আলোচনান্তে করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৮ | উপজেলা কৃষি ও সচে কমিটি | সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, সরকারের নিতীমালা অনুযায়ী কৃষি বিভাগের সকল কাযক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারী বিধি মোতাবেক দাপ্তরিক কার্য পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৯ | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, সরকারের নিতীমালা অনুযায়ী মাধ্যমিক শিক্ষ বিভাগের সকল কাযক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারী বিধি মোতাবেক দাপ্তরিক কার্য পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১০ | উপজেলা প্রাথমিক ও গনশিক্ষা কমিটি | সভায় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, সরকারের নিতীমালা অনুযায়ী প্রাথমিক শিক্ষা বিভাগের সকল কাযক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারী বিধি মোতাবেক দাপ্তরিক কার্য পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১১ | বিবিধি আলোচনা। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, গত ১৯/০৭/২০২২ তারিখে কোভিড-১৯ টিকার বুস্টার ডোজ ক্যাম্পেইন সংশ্লিস্ট সকলের সহযোগিতায় সম্পন্ন হয়। তিনি সকলকে ধন্যবাদ জানান। তিনি আরো বলেন এখনো যারা করোনা টিকার তৃতীয় ডোজ গ্রহন করেননি তাদেরকে টিকা গ্রহনের জন্য উদ্বুদ্ধ করতে হবে। তিনি আরো বলেন বর্তমান বর্ষা মৌসুমে ডেঙ্গু জ্বর প্রতিরোধে বসত ভিটাসহ পরিবেশ পরিচ্ছন্ন রাখতে হবে যাতে এডিস মশা বংশ বিস্তার করতে না পারে। তিনি | বিস্তারিত আলোচনান্তে করোনার টিকা নিতে যাতে কেউ বাদ না পরে সে জন্য সকলকে উদ্বুদ্ধ করা, ডেঙ্গুমশার প্রজন্ন যাতে না হয় তার পরিপ্রেক্ষিতে সকলের | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, সকল জনপ্রতিনিধীসহ সংশ্লিষ্ট চেয়ারম্যানবৃন্দ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আরো বলেন কুকুরে কামড়ানোর রোগীর ভ্যাকসিনের মজুত প্রায় শেষের পথে সে কারনে তিনি পরবর্তীতে কুকুরে কামড়ানো রোগীর ভ্যাকসিন প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যাক্ত করেন। | আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখারসহ কুকুরে কামড়ানো রোগীর ভ্যাকসিন রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | দিঘলিয়া, খুলনা। |
| ১২ | উপজেলা মৎস্য দপ্তর | সভায় সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানান যে, আগামী ২৩ জুলাই হতে ২৯ জুলাই ২০২২ জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২ উদযাপিত হবে। ২৪ জুলাই উক্ত আয়োজনের শুভ উদ্বোধন ও আলোচনা অনুষ্ঠান উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে। | সভায় বিস্তরিত আলোচনান্তে জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২ যথাযোগ্য মর্যাদায় পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১৩ | সহকারী প্রোগ্রামার | সভায় সমীর বিশ্বাস, সহকারী প্রোগ্রামার জানান যে, উপজেলা পরিষদের বিভিন্ন সভা বর্তমানে জুম মিটিং এর মাধ্যমে পরিচালিত হয়। উপজেলা মিটিংরুমে যে প্রজেক্টর রয়েছে সেটি বিকল ও নষ্ঠ হয়ে যাওয়ার ফলে বর্তমানে জুম মিটিং পরিচালনা করা সম্ভব হচ্ছে না। সে জন্য জুম মিটিং পরিচালনার ক্ষেত্রে দুত উপজেলা পরিষদের অর্থায়নে প্রজেক্টরটি ক্রয় করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে একটি প্রজেক্টর ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী প্রোগ্রামার দিঘলিয়া, খুলনা। |
| ১৪ | চেয়ারম্যান দিঘলিয়া ইউপি | সভায় চেয়ারম্যান দিঘলিয়া ইউপি জানান যে, ফাতেমা মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়ের সামনে, গোয়ালপাড়া বড় পুকুর পাড়ে, কামারগাতি রাস্তার পাশে এবং আড়ংঘাটা ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের রাস্তার পার্শ্বে মরা ঝুঁকিপূর্ণ গাছগুলি বিধি মাফিক প্রাক্কলন তৈরী করে সেটি অনুমোদনের জন্য জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরনের জন্য উপজেলা বন অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা বন অফিসারে উক্ত স্থানের মরা গাছগুলি সরেজমিনে যেয়ে প্রাক্কলন তৈরী করে জেলায় প্রেরন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা দিঘলিয়া, খুলনা। |
| ১৫ | চেয়ারম্যান আড়ংঘাটা ইউপি | সভায় চেয়ারম্যান আড়ংঘাটা ইউপি জানান যে, তার এলাকার বিভিন্ন রাস্তার মোড়ে যে সোলার লাইট স্থাপন করা হয়েছিল তা বর্তমানে অকেজো হয়ে পড়ে আছে। সে গুলো যদি সচল করা হয় তাহলে সাধারন মানুষসহ পথচারীরা উপকৃত হবে। তিনি আরো বলেন তার ইউনিয়নে কমিউনিটি ক্লিনিকের জন্য যে খাস জমি পাওয়া গেছে সেটির বিষয়ে তিনি জেলা প্রশাসকের অনুমোদন স্বাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য স্বাস্থ্য বিভাগের সাথে যোগাযোগ করবেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে অকেজো সোলার লাইটগুলো মেরামতসহ কমিউনিটি ক্লিনিকের জন্য খাস জমির বন্দোবস্ত পাওয়ার পর প্রয়োজনীয় কাগজপত্র স্বাস্থ্য বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান আড়ংঘাটা ইউনিয়ন পরিষদ, দিঘলিয়া, খুলনা। |
| ১৬ | উপজেলা প্রকৌশলী দপ্তর | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, বিগত জুন/২২ মাসের সিদ্ধান্তের প্রেক্ষিতে উপজেলা উন্নয়ন তহবিল ও উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা প্রকল্প বাছাই ও মূল্যায়ন কমিটির সুপারিশ অনুয়াযী চূড়ান্ত | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্পসমূহ, প্রাক্কলন ও প্রকল্প | চেয়ারম্যান উপজেলা পরিষদ, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রকল্পসমূহের প্রাক্কলন ও দাখিলকৃত প্রকল্প কমিটি অনুমোদনের জন্য সভায় পেশ করা হলো যা অনুমোদন প্রয়োজন। (পরিশিষ্ট "ক" ও "খ" ) তিনি আরো বলেন ২০২১-২২ অর্থবছরে ইউজিডিপি (জাইকা) প্রকল্পের বরাদ্দকৃত টাকায় অনুমোদিত ৩ টি প্যাকেজে টেন্ডার আহবান করে ঠিকাদার নির্বাচিত করা হয়েছে। নির্বাচিত ঠিকাদারের অনুকূলে কার্যাদেশ প্রদানসহ কাজ বাস্তবায়নের জন্য লে-আউট প্রদান করা হয়েছে। প্রকল্পের নাম যথা ক্রমে- (১) আড়ংঘাটা ইউনিয়নের গাইকুড় ৯ নং ওয়ার্ডে মানুষের জলাবদ্ধতা নিরসনের জন্য আলমগীর হোসেনের রাইসমিল হতে ভাঙ্গাবাড়ী অভিমুখে পাকা ড্রেন নির্মান যার চুক্তি মূল্য=১০,০৫,৫৮৬/২০০ (২) দিঘলিয়া ইউনিয়নে দেয়াড়া পশ্চিমপাড়া ৫ নং ওয়ার্ডে মানুষের জলাবদ্ধতা নিরসনের জন্য ইদ্রিস শেখের বারি হতে সিদ্দিক শেখ এর বাড়ি হয়ে নদী অভিমুখে পাকা ড্রেন নির্মান যার চুক্তি মূল্য=১০,০৫,৫৮৬/২০০ (৩) দিঘলিয়া ইউনিয়নের ৮ নং ওয়ার্ডের মানুষের জলাবদ্ধতা নিরসনের জন্য ব্রক্ষগাতী ফোরকানিয়া মাদ্রাসা হতে সাখাওয়াত শেখ এর বাড়ী অভিমুখে পাকা ড্রেন নির্মান যার চুক্তি মূল্য=২০,১১,১৭৩/৩০। উক্ত ৩ টি প্যাকেজের ঠিকাদার মেসার্স আকন ট্রেডাস, পাথরঘাটা, বরগুনা। এছাড়া উপজেলা প্রকৌশলী আরো জানান উপজেলা পরিষদের অনুমোদিত উপজেলা পরিষদের বাউন্ডরী ওয়াল নির্মান ও সংস্কার এবং উপজেলা পরিষদের এন্টিগেট নির্মাণের জন্য টেন্ডার আহবান করা প্রয়োজন। | বাস্তবায়ন কমিটি অনুমোদনসহ (টেন্ডার/পিআইসি) এর মাধ্যমে বাস্তবায়ন, জাইকা প্রকল্পের কাজ প্রাক্কলন অনুযায়ী ও যথাসময়ে সমাপ্তির করা এবং উপজেলা পরিষদের বাউন্ডরী ওয়াল নির্মান, সংস্কার মিলে একটি প্যাকেজ ও গেট নির্মাণের জন্য অন্য একটি প্যাকেজে e-GP এর (OTM) পদ্ধতিতে টেন্ডার আহবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও<br>উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |
| ১৭ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পা জাইকা | সভায় জাইকার ইউডিএফ জানান যে, জাইকার অর্থায়নে বিভিন্ন দপ্তরের যে প্রশিক্ষনগুলো চলমান রয়েছে। সেগুলো যথাসময়ে প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে জাইকার অর্থায়নে চলমান প্রশিক্ষানকাযক্রম দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সংশ্লি অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৮ | ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা। | সভায় ভাইস চেয়ারম্যান (মহিলা) জানান যে, নীতিমালা অনুযায়ী উপজেলা নারী উন্নয়ন ফরমের জন্য যে বরাদ্দ রয়েছে তার অনুকূলে প্রকল্প গ্রহন করার কথা বলেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে নারী উন্নয়ন ফরমের বিপরীতে প্রকল্প গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |
| ১৯ | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, আশ্রয়ন প্রকল্পের ঘর যাদের নামে বরাদ্দ দেওয়া হয়েছিল তারা যদি ঘরে নিয়মিত বসবাস না করে তাহলে তাদের নামের ঘরের বরাদ্দ বাতিল করে প্রকৃত পক্ষে যারা আশ্রয়নের ঘরে থাকতে ইচ্ছুক তাদের নামে নতুন করে বরাদ্দ দেয়া যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন ইউনিয়ন থেকে যে ঘরের তালিকা প্রদান করা হয়েছে তার যাচাই বাছাই এর কাজ সম্পন্ন হয়েছে। তিনি বলেন উপজেলার বিভিন্ন রাস্তার মোড়ে যে সোলার লাইটগুলো স্থাপন করা হয়েছিল তা সবগুলো অকেজো অবস্থায় পড়ে আছে। সে জন্য তিনি উক্ত সোলার লাইটগুলি সচল করাসহ নতুন সোলার লাইট স্থাপনের জন্য উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প জাইকার অর্থায়নে একটি প্রকল্প গ্রহণ করা যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে যারা আশ্রয়ন প্রকল্পের নির্মিত ঘরে নিয়মিত বসবাস করেন না তাদের নামের বরাদ্দ বাতিল করে যারা আশ্রয়ন প্রকল্পের ঘরে নিয়মিত বসবাস করতে ইচ্ছুক তাদেরকে নতুন করে ঘরের বরাদ্দ প্রদানসহ বিভিন্ন সোলার | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, এবং উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | লাইটগুলি মেরামত এবং নতুন সোলার লাইট স্থাপনের জন্য জাইকার অর্থায়নে একটি প্রকল্প গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২০ | চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা। | সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ সেনহাটি ইউনিয়নের চন্দনীমহল টুইন মিল চালু হতে যাচ্ছে। এক্ষেত্রে টুইন মিলের মালামাল ট্রাকে করে আনাতে রাস্তার যে লোড ক্ষমতা আছে তা থেকে অধিক লোড দিয়ে মালামাল আনাতে রাস্তা ভেঙ্গো যাচ্ছে। যারফলে সাধারন জনগনের চলাচলের ব্যাপক ক্ষতি সাধিত হচ্ছে। সেক্ষেত্রে রাস্তা রক্ষাসহ জনগনের চলাচলের সুবিধার্থে পথের বাজার থেকে যে রাস্তাটি চন্দনীমহলের দিকে গেছে সেখানে একটি ট্রাক, হেবি ট্রাক, রেস্ট্রেকশন বেরিকেট বার দেওয়া এবং অধিক লোড দিয়ে রাস্তায় ট্রাক আনাতে উক্ত রাস্তার যে ক্ষতি সাধিত হয়েছে সেটি মিলের মালিক নিজ অর্থায়নে রাস্তা মেরামত করে দিবেন উপজেলা প্রকৌশলীর প্রাক্কলন অনুযায়ী। যদি টুইন মিলের মালিক নিজ অর্থায়নে রাস্তা মেরামত করে না দেয় তাহলে মিলের মালিকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে। তিনি বলেন ইউডিএফ স্থানান্তর এর অর্থের বিপরীতে এবং উপজেলা রাজস্ব তহবিলের অর্থে নিম্নোক্ত প্রকল্পগুলো যথা: (১) মোড়ল মার্কেট ঘাটে লেট্রিন+স্লাব (২) দৌলতপুর খেয়াঘাটে যাত্রী ছাউনি, টয়লেট ও বসার বেঞ্চস্থাপন (৩) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের পিছনের ড্রেন, (৪) পরিষদের অফিসে টাইলস, (৫) উপজেলা নির্বাহী অফিসারের গেট পরিবর্তন ও জলাধার নির্মান (৬) উপজেলা পরিষদের ভিতর ৩ টি ইউ কালভাট নির্মাণ (৭) দেয়াড়া আহকামিয়া গোরস্থানের লাশঘর নির্মান, (৮) উপজেলা অফিসার্স ক্লাবের টাইলস স্থাপন (৯) আসমা সরোয়ার মহিলা মাদ্রাসার উন্নয়ন (১০) সেনহাটী জাকারিয়া মাদ্রাসার ভেতর উন্নয়ন (১১) সেনহাটি ইউনিয়নের ৮ নং ওয়ার্ডের ক্রিসেন্ট খেয়াঘাটের মসজিদ পাড়া মসজিদের উন্নয়ন এবং(১২) দিঘলিয়া হাসপাতালে কুকুরে কামড়ানো রোগীদের জন্য ভ্যাকসিন ক্রয় (১৩) বিভিন্ন হাটবাজারে মেরামত করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে পথের বাজার হতে চন্দনীমহলগামী রাস্তায় টুইন মিলের মালামাল পরিবহনের সময় রাস্তার যে ক্ষতি সাধিত হয়েছে তা মিলের মালিক নিজ অর্থায়নে উপজেলা প্রকৌশলীর প্রাক্কলন অনুযায়ী মেরামত করাসহ ইউডিএফ এবং রাজস্ব তহবিলের অর্থায়নে উক্ত প্রকল্পগুলো বাস্তবায়ন, ককুরে কামড়ানো রোগীর ভ্যাকসিন ক্রয় ও বিভিন্ন হাটবাজারে মেরামত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, এবং উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |

## জুন/ ২০২২ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিস্তারিত বিবরণ

| মাসের নাম | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫০০০/-<br>০৩। উপজেলা পরিষদের কমিটির সভা পরিচালনা ব্যয় বাবদ=৮০০০/-<br>০৪। চেয়ারম্যান মহোদয়ের জুন/২০২২ মাসের সম্মানী ও বাড়ীভাড়া = ৪৫,০০০/-<br>০৫। ভাইস চেয়ারম্যানের জুন/২০২২ মাসেরসম্মানী = ২৭,০০০/- | ৩,৮৬,৯৮৫/- |

| | |
|---|---|
| ০৫। ভাইস চেয়ারম্যানের জুন/২০২২ মাসেরসম্মানী = ২৭,০০০/-<br>০৬। মহিলা ভাইস চেয়ারম্যানের জুন/২০২২ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৭। জনাব টিমলা দাস, পরিচ্ছন্নতাকর্মী এর জুন/২০২২ মাসের দৈনিক ভাতা বাবদ=১৩,৭৫০/-<br>০৮। জনাব লিয়াকত আলী খান, মালী এর জুন/২০২২ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৪,৩০০/-<br>০৯। চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর জুন/২০২২ মাসের ভ্রমণ বিল বাবদ ১০,১৯৫/-<br>১০। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর জুন/২০২২ মাসের ভ্রমণ বিল বাবদ=৬,৫০০/-<br>১১। ভাইস চেয়ারম্যান মহিলা উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর জুন/২০২২ মাস ভ্রমণ বিল বাবদ= ৬,৫০০/-<br>১২। আব্দুল হাকিম মল্লিক অফিস সহায়ক এর নামে উপজেলা পরিষদের মালতী ভবনের পশ্চিম পাশ্বের রুমের টিন পরিবর্তন এর বিল বাবদ=১৫০০০/-<br>১৩। মেসার্স খুলনা ফিলিং স্টেশন দৌলতপুর পাবলা উপজেলা জ্বালনী তেলের এপ্রিল, মে, ও জুন/২২ মাসের বিল বাবদ =৬৬,৩৭১/-<br>১৪। মোঃ হাফিজুর রহমান এর নামে উপজেলা পরিষদের ৪ টি মিটারে মে, ও জুন/২২ মাসের বিল বাবদ = ৪২,৭৫৬/-<br>১৫। চেয়ারম্যান দিঘলিয় ইউপি এর নামে ২০২০-২১ অর্থবছরের হোল্ডিং ট্রাক্স বাবদ=১২,৩৭২/-<br>১৬। মোঃ আব্দুল হাকিম অফিস সহায়ক এর নামে উপজেলা পরিষদের অফিসের ব্যবহারের জন্য ০৮টি টেবিল ও ১২ টি চেয়ার মেরামত কাজের বিল বাবদ=২৫,০০০/-<br>১৭। মোঃ আব্দুল হাকিম অফিস সহায়ক এর নামে উপজেলা পরিষদের অফিসের ব্যবহারের জন্য ১০টি আলমিরা ও ২ টি ফাইল ক্যেবিনেট মেরামত কাজের বিল বাবদ=২৫,০০০/-<br>১৮। মোসাঃ সালেহা বেগম এর নামে উপজেলা পরিষদের বিভিন্ন স্থাপনা পরিস্কার পরিচ্ছন্ন কাজের বিল= ৭,০০০/-<br>১৯। চেয়ারম্যান দিঘলিয় ইউপি এর নামে ২০২১-২২ অর্থবছরের হোল্ডিং ট্রাক্স বাবদ=১২,৩৭২/-<br>২০। ইউনিয় ভূমি সহকারী কর্মকর্তা, সেনহাটি, দিঘলিয়া, খুলনা এর নামে ১৪২৭-১৪২৮ ও ১৪২৮-১৪২৯ বাংলা সনের ভূমি উন্নয়ন করা পরিশোধ বাবদ=১,৩০,১৫৮/-<br>২১। আব্দুল হাকিম অফিস সহায়ক এর নামে ডিসেম্বর/২২ মাস হতে এপ্রিল/২০২২ পর্যন্ত টেলিফোন বিল বাবদ=২,১৫৩/-<br>২২। দৈনিক পূর্বাঞ্চল, খুলনা এর নামে ২০২১-২২ অর্থবছরের এডিপি ও ইউডিএফ প্রকল্পের টেন্ডার বিজ্ঞপ্তির পত্রিকার বিল বাবদ=১১,৪৫৮/-<br>২৩। সময়ের খবর খুলনা এর নামে ২০২১-২২ অর্থবছরে ইউনিয়ন পরিষদের পন্য ও সেবা খাত প্রকল্প ৪ টি ইউনিয়ন পরিষদ মেরামতের জন্য টেন্ডার বিজ্ঞপ্তি বিল বাবদ =১০,৩৪৫/-<br>২৪। ডেইলি মনিং অবজারভার এর নামে ২০২১-২২ অর্থবছরের বিজ্ঞপ্তি বিল বাবদ=৯,৪০৪/-<br>২৫। দৈনিক ভোরের কাগজ এর নামে ২০২১-২২ অর্থছরে জাইকার প্রকল্পের আওতায় ৩টি প্যাকেজের বিজ্ঞপ্তি বিল বাবদ=২০,৯৫২/-<br>২৬। রেজাউল ইসলাম, সাং-দিঘলিয়া, খুলনা এর ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্থ পরিবারকে আর্থি সহায়তা বাবদ প্রদান=১৫০০০/-<br>২৭। মেসার্স রিয়ান ট্রেডার্স ইখরি, তেরখাদা খুলনা এর নামে আনসার ভিডিপি হোস্টেল নির্মান বাবদ =৫,৪২,৪৯৬/-<br>২৮। কে, জি এ মোড়ল এন্টার প্রাইজ, পানিগাতী, দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের গেট নির্মান বাবদ চেক প্রদান বাবদ=৪,৬০,৩৯২/<br>২৯। কে, জি এ মোড়ল এন্টার প্রাইজ, পানিগাতী, দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের বাউন্ডারী নির্মান কাজের বিল বাবদ চেক প্রদান বাবদ=৫,৬৪,০৩৪/-<br>৩০। মেসার্স ভিলেজ এ্যান্ড কোং ব্রক্ষগাতী, দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল মেরামত কাজের বিল বাবদ চেক প্রদান বাবদ=৫,৬৮,১০০/-<br>৩১। উপজেলা উন্নয়ন তহবিল চলতি হিসাব নং ২৭১০২০০০০০৯২৫ জমা প্রদান =৪২,৭৭,৯৬০/৪৪ | |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

10/9/22

(শেখ মারুফুল ইসলাম)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।

# দিঘলিয়া উপজেলা পরিষদের আগস্ট/২০২২মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-৮ )

সভাপতি : শেখ মারুফুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২৯ আগস্ট ২০২২, সোমবার

সময় : বেলা ১২: ৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত জুলাই ২০২২, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীরতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | জুলাই ২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা |
| ০২. | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, ২০২২ মাসে ০৮ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে, যথাসময়ে সভা আহবানপূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা আহবান করতে হবে এবং মাসিক সাধারন সভার কার্যবিবরনীতে অন্তর্ভূক্ত করার মত বিষয়টুকু গুছিয়ে এই কার্য বিবরনীর ফরমেটে সফট কপি ও হার্ড কপি দিতে হবে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান- দ্বয় |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয়সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: জুলাই/২০২২ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়- ১২,৪৮,৮৫৬/-<br>মোট ব্যয়- ৫,৭২,৪৩০/- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী |
| ০৪ | উপজেলা পল্লী উন্নয়ন কমিটি | সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, বিআরডিবি সুফলভোগীদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে পুজি গঠন কার্যক্রম অব্যহত আছে। এ পর্যন্ত পুজি গঠনের পরিমান ১২৫.০১ লক্ষ। দপ্তরের আওতাধীন বিভিন্ন প্রকল্পে ২০২২-২০২৩ অর্থবছরে ঋণ বিতরন লক্ষমাত্রা ৪০১.৯৯ লক্ষ টাকা প্রায় যার ১০০% বিতরণ হবে মর্মে আশা পোষণ করেন। ইতোমধ্যে কোভিড-১৯ প্রণোদনা ঋণ বিতরণ ৬৬.৫০ লক্ষ টাকা যারা কিস্তি আদায়ের হার ১০০% এবং বিআরডিবির অন্যন্য প্রকল্প ও কর্মচারী মোট ৪১.৭৪ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে চলতি অর্থ বছরের ১ মাসে ৩০.৭৪ লক্ষ আদায় করা হয়েছে। চলতি । ঋণ আদায়ের হার ১০০%। মেয়াদউত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ে ইউএনও, মহোদয়, উপজেলা পরিষদ ও অফিসার | সভায় বিস্তারিত আলোচনান্তে বিআরডিবি'র সুফলভোগীদের প্রশিক্ষিণউত্তর ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে পুজি গঠন ও ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রাখাতে সংশ্লিষ্টদের সহযোগীতা | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার দিঘলিয়া, খুলনা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইনচার্জ এর নিকট হতে আন্তরিক সহযোগীতা পাওয়ায় তিনি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। | প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৫ | উপজেলা মুক্তিযোদ্ধা কমিটি | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটি কর্তৃক বেসামরিক গেজেটভুক্ত বীর মুক্তিযোদ্ধাদের আবাসন নির্মাণ শীর্ষক প্রকল্প ১২টি আবাসন নির্মাণ কাজ প্রায় সম্পন্ন হয়েছে। টাইলস, রংসহ আনুসঙ্গিক কাজ দুত সম্পন্ন করে ঘরগুলো হস্তান্তর করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে মুক্তিযোদ্ধাদের আবাসন নির্মাণকৃত ঘরগুলি দ্রুত হস্তান্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ডেপুটি কমান্ডার ও উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া, খুলনা |
| ০৬ | উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি | সভায় উপজেলা মহিলা বিষয়ক অফিসার জানান যে, অত্র দপ্তরের ভিজিডি খাদ্যশস্যের বরাদ্দ না থাকায় বিতরণ সম্ভব হচ্ছে না। জুলাই/২২ মাসে 'মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম' এর আওতায় ২৩,৬৫০/ (তেইশ হজার ছয় শত পঞ্চাশ) টাকা করা হয়েছে। আইজিএ প্রকল্পের প্রশিক্ষণ প্রকল্পের ১৬ তম এবং ১৭ তম ব্যাচের কার্যক্রম চলমান আছে। তিনি বলেন তার অফিসের এক কক্ষবিশিষ্ট অফিস ভবন এবং পতাকা উত্তোলনের বেদী নির্মাণ সম্পন্ন হয়েছে। তবে উক্ত কক্ষের বারান্দসহ আরো কিছু সংস্কার কাজে বরাদ্দ প্রয়োজন। তিনি আরো বলেন তার অফিসের সামনের কিছুটা রাস্তায় ইটের সোলিং করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান সংকটকালীন সময়ে অত্র উপজেলার দুঃস্থ অসহায় নারীরা যাতে ভিজিডির খাদ্যশস্যের বরাদ্দ হতে বঞ্চিত না হয় সে দিকে লক্ষ্য রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসা দিঘলিয়া, খুলনা |
| ০৭ | উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি | **প্রস্তাব -১** সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দ অনুয়ায়ী সম্ভাব্য ৪ কিস্তির অনুকূলে স্কীম গ্রহণ করা প্রয়োজন।<br>**প্রস্তাব-২** সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি ২০২২-২৩ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) এর নির্বাচিত স্কীম সমূহের মধ্যে প্রকল্প কমিটির মাধ্যমে কাজ চলমান রয়েছে। অবশিষ্ট প্রকল্পগুলি টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন করা হবে।<br>**প্রস্তাব-৩** সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প জাইকা আওতায় ২০২০-২১ অর্থবছরে দিঘলিয়া উপজেলায় ০৩ (তিন) টি উপ-প্রকল্প নির্মাণ কাজের ঠিকাদারদের অনুকূলে কার্যাদেশ প্রদানের পর স্পেসিফিকেশন মোতাবেক দুইটি প্যাকেজের কাজ সমাপ্ত করে বিল চেয়ে আবেদন করেছেন। উক্ত প্রকল্পসমেহের কার্যক্রম এর বিল প্রদানের বিষয় বিস্তারিত আলোচনা করা হয়। প্রকল্প নিম্নরূপ:-<br>(ক) দিঘলিয়া ইউনিয়নের ৮ নং ওয়ার্ডের মানুষের জলাবদ্ধতা নিরসনের জন্য ব্রহ্মগাতি ফোরকানিয়া মাদ্রাসা হতে সাখাওয়াত শেখ এর বাড়ী অভিমুখে পাকা ড্রেন নির্মাণ এর প্যাকেজ নম্বর INF-2020-21-404740/02 চুক্তিমূল্য=২০,১১,১৭৩/৩০ ঠিকাদার মেসার্স আকন ট্রেডার্স, পাথরঘাটা বরগুনা (কাজ সমাপ্ত)।<br>(খ) আড়ংঘাটা ইউনিয়নের গাইকুড় ৯ নং ওয়ার্ডের মানুষের জলাবদ্ধতা নিরাসনের জন্য আলমগীর হোসেনের রাইচমিল হতে ভাঙ্গাবাড়ী অভিমুখে পাকা ড্রেন নির্মাণ এর প্যাকেজ নম্বর INF-2020-21-404740/03 চুক্তিমূল্য=১০,০৫,৫৮৬/২০ ঠিকাদার মেসার্স আকন ট্রেডার্স, পাথরঘাটা বরগুনা (কাজ সমাপ্ত)।<br>(গ) দিঘলিয়া ইউনিয়নের দেয়াড়া পশ্চিম পাড়া ৫ নং ওয়ার্ডের জলাবদ্ধতা নিরসনের জন্য ইদ্রিস শেখ এর বাড়ী হতে সিদ্দিক শেখ এর বাড়ী হয়ে নদী অভিমুখে পাকা ড্রেন নির্মাণ এর প্যাকেজ নম্বর INF-2020-21-404740/01 চুক্তিমূল্য=১০,০৫,৫৮৬/২০ ঠিকাদার মেসার্স আকন ট্রেডার্স, পাথরঘাটা বরগুনা (কাজ চলমান)। | সভায় বিস্তরিত আলোচনান্তে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও দপ্তর প্রধানকে নীতিমালা অনুয়াযী স্কীম দাখিলের জন্য পত্র দেওয়ার সিদ্ধান্ত হয়।<br>উপজেলা উন্নয়ন তহবিলের অনুকূলে চলমান কাজ সমূহ যথা সময়ে সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>জাইকা এবং জিওবি এর অর্থায়নে উক্ত অবকাঠামো উন্নয়ন প্রকল্পসমুহের বিল প্রস্তুত পূর্বক প্রকল্প কার্যালয়ে বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |
| ০৮ | উপজেলা কৃষি ও সচে কমিটি | সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, বর্তমানে মাঠে আমন ধান ১৪০ হেঃ বীজতলা অর্জিত হয়েছে, এবার আমন ধানের লক্ষ্যমাত্রা ১৯৩০ হেক্টর। খরিপ-২ মৌসুমে জমিতে ২৫০ হেঃ সবজী আবাদ হয়েছে। ফসলের পোকা মাকড় ও রোগের প্রাদুর্ভাব ও প্রাকৃতিক দুর্যোগ না থাকায় বর্তমানে মাঠে সজীর অবস্থা খুব ভালো ও কৃষক আনন্দিত। তিনি বলেন দিঘলিয়া | সভায় বিস্তারিত আলোচনান্তে মাঠ পর্যায়ের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপজেলা | উপজেলা কৃষি অফিসার অফিসার, দিঘলিয়া, খুলনা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইনচার্জ এর নিকট হতে আন্তরিক সহযোগীতা পাওয়ায় তিনি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। | প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৫ | উপজেলা মুক্তিযোদ্ধা কমিটি | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটি কর্তৃক বেসামরিক গেজেটভুক্ত বীর মুক্তিযোদ্ধাদের আবাসন নির্মাণ শীর্ষক প্রকল্প ১২টি আবাসন নির্মাণ কাজ প্রায় সম্পন্ন হয়েছে। টাইলস, রংসহ আনুসঙ্গিক কাজ দ্রুত সম্পন্ন করে ঘরগুলো হস্তান্তর করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে মুক্তিযোদ্ধাদের আবাসন নির্মাণকৃত ঘরগুলি দ্রুত হস্তান্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ডেপুটি কমান্ডার ও উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া, খুলনা |
| ০৬ | উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি | সভায় উপজেলা মহিলা বিষয়ক অফিসার জানান যে, অত্র দপ্তরের ভিজিডি খাদ্যশস্যের বরাদ্দ না থাকায় বিতরণ সম্ভব হচ্ছে না। জুলাই/২২ মাসে 'মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম' এর আওতায় ২৩,৬৫০/ (তেইশ হজার ছয় শত পঞ্চাশ) টাকা করা হয়েছে। আইজিএ প্রকল্পের প্রশিক্ষণ প্রকল্পের ১৬ তম এবং ১৭ তম ব্যাচের কার্যক্রম চলমান আছে। তিনি বলেন তার অফিসের এক কক্ষবিশিষ্ট অফিস ভবন এবং পতাকা উত্তোলনের বেদী নির্মাণ সম্পন্ন হয়েছে। তবে উক্ত কক্ষের বারান্দসহ আরো কিছু সংস্কার কাজে বরাদ্দ প্রয়োজন। তিনি আরো বলেন তার অফিসের সামনের কিছুটা রাস্তায় ইটের সোলিং করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান সংকটকালীন সময়ে অত্র উপজেলার দুঃস্থ অসহায় নারীরা যাতে ভিজিডির খাদ্যশস্যের বরাদ্দ হতে বঞ্চিত না হয় সে দিকে লক্ষ্য রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসা: দিঘলিয়া, খুলনা |
| ০৭ | উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি | **প্রস্তাব -১** সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দ অনুযায়ী সম্ভাব্য ৪ কিস্তির অনুকূলে স্কীম গ্রহণ করা প্রয়োজন।<br>**প্রস্তাব-২** সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি ২০২২-২৩ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) এর নির্বাচিত স্কীম সমূহের মধ্যে প্রকল্প কমিটির মাধ্যমে কাজ চলমান রয়েছে। অবশিষ্ট প্রকল্পগুলি টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন করা হবে।<br>**প্রস্তাব-৩** সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প জাইকা ২০২০-২১ এর আওতায় দিঘলিয়া উপজেলাধীন ০৩ (তিন) টি প্রকল্পসমূহের নির্মাণ কাজের ঠিকাদারদের অনুকূলে কার্যাদেশ প্রদানের পর স্পেসিফিকেশন মোতাবেক কাজ সমাপ্ত করেছেন। সেসাথে কাজের বিল চেয়ে আবেদন করেছেন। উক্ত প্রকল্পসমেহের কার্যক্রম এর বিল প্রদানের বিষয় বিস্তারিত আলোচনা করা হয়। প্রকল্প নিম্নরূপ:-<br>(ক) দিঘলিয়া ইউনিয়নের ৮ নং ওয়ার্ডের মানুষের জলাবদ্ধতা নিরসনের জন্য ব্রহ্মগাতি ফোরকানিয়া মাদ্রাসা হতে সাখাওয়াত শেখ এর বাড়ী অভিমুখে পাকা ড্রেন নির্মাণ। ঠিকাদার মেসার্স আকন ট্রেডার্স, পাথরঘাটা বরগুনা।<br>(খ) আড়ংঘাটা ইউনিয়নের গাইকুড় ৯ নং ওয়ার্ডের মানুষের জলাবদ্ধতা নিরাসনের জন্য আলমগীর হোসেনের রাইচমিল হতে ভাঙ্গাবাড়ী অভিমুখে পাকা ড্রেন নির্মাণ। ঠিকাদার মেসার্স আকন ট্রেডার্স, পাথরঘাটা বরগুনা।<br>(গ) দিঘলিয়া ইউনিয়নের দেয়াড়া পশ্চিম পাড়া ৫ নং ওয়ার্ডের জলাবদ্ধতা নিরসনের জন্য ইদ্রিস শেখ এর বাড়ী হতে সিদ্দিক শেখ এর বাড়ী হয়ে নদী অভিমুখে পাকা ড্রেন নির্মাণ। ঠিকাদার মেসার্স আকন ট্রেডার্স, পাথরঘাটা বরগুনা। | সভায় বিস্তারিত আলোচনান্তে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও দপ্তর প্রধানকে নীতিমালা অনুয়াযী স্কীম দাখিলের জন্য পত্র দেওয়ার সিদ্ধান্ত হয়।<br>উপজেলা উন্নয়ন তহবিলের অনুকূলে চলমান কাজ সমূহ যথা সময়ে সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>জাইকা এবং জিওবি এর অর্থায়নে উক্ত অবকাঠামো উন্নয়ন প্রকল্পসমুহের বিল প্রস্তুত পূর্বক প্রকল্প কার্যালয়ে বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা |
| ০৮ | উপজেলা কৃষি ও সচে কমিটি | সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, বর্তমানে মাঠে আমন ধান ১৪০ হেঃ বীজতলা অর্জিত হয়েছে, এবার আমন ধানের লক্ষ্যমাত্রা ১৯৩০ হেক্টর। খরিপ-২ মৌসুমে জমিতে ২৫০ হেঃ সবজী আবাদ হয়েছে। ফসলের পোকা মাকড় ও রোগের প্রাদুর্ভাব ও প্রাকৃতিক দুর্যোগ না থাকায় বর্তমানে মাঠে সজীর অবস্থা খুব ভালো ও কৃষক আনন্দিত। তিনি বলেন দিঘলিয়া | সভায় বিস্তারিত আলোচনান্তে মাঠ পর্যায়ের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপজেলা | উপজেলা কৃষি অফিসার অফিসার, দিঘলিয়া, খুলনা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলায় খরিপ-১ মৌসুমে ২৫০ হেক্টর জমিতে বিভিন্ন প্রকার সবজি আবাদ নির্ধারন করা হয়েছে। এ মৌসুমে ৩০০ হেক্টর সজীর আবাদ হবে বলে উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন। বর্তমানে সারের মজুদ পরিস্থিতি ইউরিয়া ৩৫ মেঃটন, টিএসপি ১৬ মেঃটন, ডিএপি ৩০মেঃটন, এমওপি ০৪ মেঃটন যাহা সন্তোষজনক। অত্র অঞ্চলে চুঁইঝালের চাহিদা বৃদ্ধি পাওয়ায় এবং বাজারমূল্য বেশী থাকায় অত্র উপজেলায় কৃষকদের মাঝে চুঁইঝালের চাষে ব্যাপক সাড়া পড়েছে। তিনি বলেন বর্তমান বর্ষা কম হওয়ায় রুপা আমন ধান কাটার কয়েকদিন আগে ধানের মধ্যে সরিষার বীজ ছিটিয়ে দিলে সেখানে বেশ সরিষা হবে। তিনি বলেন এক্ষেত্রে উপজেলা কৃষি অফিস থেকে সরিষার বীজ প্রদান করা হবে। তিনি বলেন তার দপ্তরের আওতাধীন কৃষি গোডাউন এর মধ্যে দীঘদিনের একটি শুকনা মরা আমগাছ আছে। জনস্বার্থে আমগাছটি দ্রুত কর্তন করা প্রয়োজন মর্মে তিনি সভাকে অবহিত করেন। | কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। এছাড়া চুঁইঝাল চাষের জন্য উপজেলা পরিষদের এডিপি অথবা রাজস্ব তহবিল হতে অর্থ বরাদ্দ সাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৯ | উপজেলা মৎস্য ও প্রণিসম্পদ কমিটি | সভায় উপজেলা মৎস্য অফিসার জানান যে, ২০২২-২৩ রাজস্ব অর্থায়নে উন্মুক্ত জলাশয়ে মাছের পোনা অবমুক্তির জন্য ৯০,০০০/-(নব্বই হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। ইতোমধ্যে সরকারী খামার হতে পোনা সরবরাহ সম্ভব নয় মর্মে খামার ব্যাবস্থাপকগন অবহিত করেছেন। স্থানীয়ভাবে কোটেশনের মাধ্যমে পোনা ক্রয় করা হবে। তিনি বলেন ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় ২০ টি জেলে পরিবারকে বিকল্প কর্মসংস্থান উপকরণ প্রদানের প্রশাসনিক আদেশ পাওয়া গিয়েছে। ইতোমধ্যে ইলিশ জেলে অধ্যুসিত এলাকার ইউপি চেয়ারম্যানগন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগ ও এমপি মহোদয়ের প্রতিনিধির মাধ্যমে জেলেদের তালিকা যাচাই-বাছাইয়ান্তে চূড়ান্ত করা হয়েছে। তিনি আরো বলেন উপজেলার বিভিন্ন উন্মুক্ত নদী, খাল, বিলে অবৈধ বাঁধ পাটা উচ্ছেদে অভিযান ও মোবাইলকোর্ট পরিচালনা করা হচ্ছে। উক্ত কার্যক্রম অব্যহত থাকবে। | সভায় এ বিষয়ে বিস্তাতির আলোচনান্তে সরকারী নীতিমালা অনুযায়ী মৎস্য পোনা ক্রয় এবং ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যাবস্থপনায় জেলে পরিবারকে বিকল্প কর্মসংস্থান উপকরন যথাযথ নিয়মে বিতারন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা |
| ১০ | উপজেলা জনস্বাস্থ্য কমিটি | সভায় উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য অফিসার জানান যে, বর্তমান ২০২২-২৩ অর্থবছরে PSWSC প্রকল্পের আওতায় ১৫৬ টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দের অনুকূলে নীতিমালা অনুযায়ী সমস্ত স্থান তালিকা চূড়ান্ত করা হবে। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভুমিহীন ও গৃহহীন (আশ্রয়ন প্রকল্পে) পরিবারের জন্য ১৪ টি গভীর নলকূপ স্থাপন কাজ চলমান আছে। এছাড়া প্রাথমিক বিদ্যালয়ে ০৩ টি ওয়াশব্লক নির্মান, ০৯ টি TSP এবং ২ টি স্কুলে অগভীর নলকূপ স্থাপন কাজ চলমান আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে নীতিমালা অনুযায়ী সমস্ত স্থান তালিকা চূড়ান্ত করে কাজ যথাযথ নিয়ম অনুযায়ী গভীর নলকূপ স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, দিঘলিয়া, খুলনা |
| ১১ | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, আগামী ২০২৩ শিক্ষাবর্ষে নতুন কারিকুলামে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির শিক্ষা কার্যক্রম পরিচালিত হবে। আগামী সপ্তাহ ৩৯ তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে, এই ক্রীড়া প্রতিযোগিতায় সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরো বলেন আগামী ১৫ই সেপ্টেম্বর থেকে এস এস সি পরীক্ষা অনুষ্ঠিত হবে, পরীক্ষা যাহাতে সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হয় সে জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি মোতাবেক দাপ্তরিক কার্য পরিচালনাসহ আসন্ন এস এস সি পরীক্ষা যাতে সুষ্ঠু ও সুন্দর পরিবেশে সম্পূর্ণ হয় সে বিষয়ে সকলে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা |
| ১২ | উপজেলা প্রাথমিক ও গনশিক্ষা কমিটি | সভায় উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, জেলা পরিষদের অর্থায়নে ৫ নং পানিগাতী সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শহীদ মিনার কাম সাংস্কৃতি মঞ্চ নির্মাণের জন্য দুই দফায় ০৩ লক্ষ টাকা বরাদ্দের পরিপ্রেক্ষিতে নির্মাণকাজ আংশিক হয়ে দীর্ঘদিন পড়ে থাকায় এবং কলামের রড এলোমেলো অবস্থায় থাকায় শিশুদের চলাফেরা ও খেলাধুলায় | সভায় বিস্তারিত আলোচনান্তে নির্মাণাধীন প্রকল্পটি উক্ত কমিটি সরেজমিনে পরিদর্শনপূর্বক আগামী | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার দিঘলিয়া, খুলনা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অসুবিধাসহ দূর্ঘটনার আশংকা করা হচ্ছে। কাজটির বর্তমান অবস্থা সরেজমিনে তদন্ত করে মতামত প্রদানের জন্য ০৩ (তিন) সদস্য কমিটি গঠন করা হলো। যা নিম্মরুপ:-<br>০১। জনাব আবু তারেক সাইফুল কামাল, উপজেলা প্রকৌশলী<br>০২। জনাব মোঃ আরিফ হোসেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>০৩। জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য | ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৩ | বিবিধি আলোচনা। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, সামনের মাসে সাধারনত কুকুরে কামড়ানো রোগী বেশি হবে সেক্ষেত্রে ভ্যাকসিন প্রয়োজন হবে। সেটি যাতে সবসময় প্রদান করা সম্ভব হয় সে জন্য তিনি সভাকে অবহিত করেন। তিনি আরো বলেন তার কমপ্লেক্সটির বিভিন্ন ছাদ, ভীমসহ বিভিন্ন স্থান থেকে ভেঙ্গে ভেঙ্গে পরছে। এ বিষয়ে তিনি তার দপ্তরের উর্দ্ধতন কর্মকর্তাকে লিখিত ও মৌখিক ভাবে অবহিত করেছেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে কুকুরে কামড়ানো রোগীর ভ্যাকসিন সব সময় প্রদানসহ কমপ্লেক্সের এর বিষয়টি নিয়ে তার দপ্তরের উর্দ্ধতন কর্মকর্তার সাথে আরো সক্রীয় ভাবে আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, সকল দিঘলিয়া, খুলনা |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন দপ্তর | সভায় উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, ২০২২-২৩ অর্থবছরে রাজস্ব খাতের ১৪ টি ব্যাচের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য নির্দেশনা পাওয়া গিয়াছে এবং বছরে প্রশিক্ষনের লক্ষ্য মাত্রা ৪২০ জন। নীতিমালা অনুযায়ী ১৪ টি ব্যাচের মোট ৪২০ জন যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ সম্পন্ন করা হবে। এখন পর্যন্ত প্রশিক্ষণ খাতের বাজেট পাওয়া যায়নি, বাজেট প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ শুরু করা হবে। যুব ঋণ বিতরনের লক্ষ্য মাত্রা বছরে ৪৯,১০,০০০/- টাকা দেওয়া হয়েছে। লক্ষমাত্রা অনুযায়ী ১৫ ই আগস্ট জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শাহাদত বার্ষিকী উপলক্ষ্যে চলতি মাসে ৩,২০,০০০/- টাকা যুব ও যুব মহিলা সদস্যদের মাঝে যুব ঋণের চেক বিতরণ করা হয়েছে। তিনি বলেন জাতীয় যুব কাউন্সিল বিধিমালা ২০২১ অনুযায়ী ২০২৩ থেকে ২০২৪ মেয়াদের জন্য জাতীয় যুব কাউন্সিল গঠন করা হবে। জাতীয় যুব কাউন্সিলের সদস্য নির্বাচানের জন্য নির্ধারিত ফরমে আবেদন আহবান করা হয়েছে। যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইট (www.dyd.gov.bd) এ পাওয়া যাবে নির্ধারিত ফরমে আবেদনের শেষ তারিখ ৩১/০৮/২০২২ খ্রি: তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে দাখিল করতে হবে। | সভায় বিস্তরিত আলোচনান্তে ১৫ আগস্ট জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শাহাদত বার্ষিকীতে ৩,২০,০০০/-(তিন লক্ষ বিশ হাজার) টাকা যুব ঋণের চেক সুষ্ঠুভাবে বিতরন করা হয়েছে। এছাড়া জাতীয় যুব কাউন্সিলের সদস্য নির্বাচানের যে সমস্ত প্রার্থীরা আবেদন করতে ইচ্ছুক তারা যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইট (www.dyd.gov.bd ) ঠিকানায় প্রবেশর মাধ্যমে ফরম পূরন পূর্বক ৩১/০৮/২০২২ খ্রি: তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার দিঘলিয়া, খুলনা |
| ১৫ | উপজেলা সাব রেজিস্ট্রার | সভায় উপজেলা সাব রেজিস্টার জানান যে, দিঘলিয়া সাব রেজিস্ট্রার অফিসটি বর্তমান পুরাতন কোর্ট বিল্ডিংএ অবস্থিত। বিল্ডিংটি অত্যন্ত জরাজীণ ও ঝুঁকিপূর্ণ হওয়ায় অতি দুত সাব রেজিষ্টি অফিসের কার্যক্রম অন্যাত্র স্থানান্তর করা প্রয়োজন, বিল্ডিংটি বহু আগেই পরিত্যক্ত হয়েছে এবং সেবাগ্রহীতা ও সেবাদানকারী উভয়ের জীবনের নিরাপত্তার স্বার্থে আগেই উপজেলা পরিষদ থেকে পত্র প্রেরণ করা হয়েছে। এবিষয়টি উর্ধতন কর্তৃপক্ষকে অবহিত করার পর কর্তৃপক্ষ পরিষদ সংলগ্ন সাব রেজিস্ট্রার নতুন | সভায় বিস্তারি আলোচনান্তে পরিষদ সংলগ্ন জমি অধিগ্রহনের বিষয়ে সাব রেজস্ট্রারকে সহযোগীতা করা এবং আপাতত অফিসের কার্যক্রম দিঘলিয়া | উপজেলা সাব রেজিস্ট্রার, দিঘলিয়া, খুলনা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ভবন নির্মানের জন্য ৩৩ শতক জমি অধিগ্রহনের ক্ষেত্রে উপজেলা পরিষদের মাসিক সভার রেজুলেশনের মাধ্যমে প্রস্তাব প্রেরণের জন্য জানিয়েছেন। তৎপ্রেক্ষিতে বিষয়টি সভায় উপস্থাপন করা হলো। | ইউনিয়ন পরিষদের পুরাতন ভবন বা অন্য কোন স্থানে দ্রুত সরিয়ে নেওয়ার প্রস্তাব প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৬ | উপজেলা প্রাণি সম্পদ দপ্তর | সভায় উপজেলা প্রাণি সম্পদ অফিসার জানান যে, সমগ্র বাংলাদেশে ৩৬০ টি গাড়ী প্রায় প্রতিটি উপজেলা প্রাণি সম্পদ অফিসারকে প্রদান করা হয়েছে। সে ক্ষেত্রে দিঘলিয়া উপজেলার প্রাণি সম্পদ অফিসে ও একটি গাড়ি পাওয়া গিয়েছে। উক্ত গাড়িটি রাখার জন্য তিনি তার অফিস সংলগ্ন একটি গ্যারেজ নির্মাণের প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ থেকে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ স্বাপক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া খুলনা |
| ১৭ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, স্থানীয় সরকার বিভাগের স্মারক নং৪৬.০৪৫.০২২.১০.০১.০০১-১০৫৮ তারিখ২৩/০৯/২০১৮ মোতাবেক উপজেলা পরিষদের ভিতরে আবাসিক ০৬ টি ভবনের মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুত করে সভায় উপস্থাপন করেন যা নিম্নরুপ।<br>১। দিঘলিয়া উপজেলা পরিষদের আওতায় দিঘলিয়া উপজেলা কমপ্লেক্সের ভিতর গেজেটেড কোয়ার্টার (মধুমিতা) বাস ভবনটি মেরামত প্রকল্প যার টাকার পরিমান=৬,০৯,৫৪৮/- ২। দিঘলিয়া উপজেলা পরিষদের আওতায় দিঘলিয়া উপজেলা কমপ্লেক্সের ভিতর ১নং নন-গেজেটেড কোয়ার্টার (বনলতা) মেরমাত প্রকল্প যার টাকার পরিমান=৭,৫৬,৩৫১/-, ৩। দিঘলিয়া উপজেলা পরিষদের আওতায় দিঘলিয়া উপজেলা কমপ্লেক্সের ভিতর ২নং নন-গেজেটেড কোয়ার্টার (বনছায়া) মেরামত প্রকল্প যার টাকার পরিমান=৭,৬০,৭২৮/-, ৪। দিঘলিয়া উপজেলা পরিষদের আওতায় দিঘলিয়া উপজেলা কমপ্লেক্সের ভিতর ১ নং টুইন কোয়ার্টার (মালতী) মেরামত প্রকল্প যার টাকার পরিমান=২,৯৪,১৪৯/-, ৫। দিঘলিয়া উপজেলা পরিষদের আওতায় দিঘলিয়া উপজেলা কমপ্লেক্সের ভিতর ২নং টুইন কোয়ার্টার (মালতী) মেরামত প্রকল্প যার টাকার পরিমান=২,৯৪,৮৬৩/-, ৬। দিঘলিয়া উপজেলা পরিষদের আওতায় দিঘলিয়া উপজেলা কমপ্লেক্সের ভিতর ডরমেটরী ভবন মেরামত প্রকল্প যার টাকার পরিমান=৩,৯৩,১০৫/- সর্ব মোট টাকার পরিমান =৩১,০৮,৭৪৪/-(একত্রিশ লক্ষ আট হাজার সাতশত চুয়াল্লিশ) টাকা। | সভায় এ ব্যপারে বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর চলতি অর্থ বছরে প্রকল্পগুলি যাতে বাস্তবায়ন করা যায় তজ্জন্য উপস্থাপিত প্রাক্কলন অত্র সভায় অনুমোদন সহ নির্বাহী প্রকৌশলী, এলজিইড, খুলনা বরাবর প্রেরণ পূর্বক প্রাক্কলনে প্রতিস্বাক্ষার গ্রহণ করতঃ সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখায় প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা |
| ১৮ | চেয়ারম্যান দিঘলিয়া ইউপি | সভায় চেয়ারম্যান দিঘলিয়া ইউপি জানান যে, রেশন কার্ডের ব্যাপারে তার ইউনিয়নে যে সমস্যর সৃষ্টি হয়েছিল তার সমাধান হয়েছে। কার্ড পাওয়ার যোগ্য প্রকৃত অসহায় লোক যদি বাদ পড়ে তার বিষয়টি পুনরায় বিবেচনা করা হবে। তিনি আরো বলেন দিঘলিয়ায় ৬৫ টি ভূমিহীন পরিবারকে পূনর্বাসনের জন্য দুটি স্থানে ১.৬৮ একর জমি ক্রয় করা হয়েছে। দিঘলিয়া ইউনিয়নকে ভূমিহীন মুক্ত ঘোষনা করার লক্ষে অবশিষ্ট ঘর নির্মাণের উপযুক্ত আরো প্রায় ১ (এক) একর উচুঁ জমি ক্রয় করা প্রয়োজন। এছাড়া দিঘলিয়াকে গৃহহীন ভূমীহীন মুক্ত ঘোষনা করার লক্ষে নতুন করে যে সকল ভূমিহীনদের নাম চুড়ান্ত করে প্রেরণ করা হয়েছে। তাদের বাসস্থান নির্মাণের জন্য উপযুক্ত খাসজমি ভরাট করার পাশাপাশি এখনই ঘর নির্মাণের উপযুক্ত জমি ক্রয় করতে হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে রেশন কার্ড বিতারন নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন করাসহ দিঘলিয়া ইউনিয়নকে ভূমিহীন মুক্ত ঘোষনা করার লক্ষে আরো কিছু জমি ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দিঘলিয়া, খুলনা |
| ১৯ | চেয়ারম্যান যোগীপোল ইউপি | সভায় চেয়ারম্যান আড়ংঘাটা ইউপি জানান যে, তার ইউনিয়ন থেকে ভূমিহীনদের তালিকা প্রেরন করা হয়েছে। ঐ সমস্ত ভূমিহীনদের জন্য ঘর নির্মাণের ক্ষেত্রে তার ইউনিয়নের মধ্যে সরকারী ভাবে জমি ক্রয় করে | সভায় বিস্তারিত আলোচনান্তে ভূমিহীনদের ঘর | চেয়ারম্যান যোগীপোল ইউনিয়ন |